

## ব্রি হাইব্রিড ধান- এর মাঠ দিবস

কৃষি ও সম্ভাবনা ডেস্ক

কোনো প্রকার কীটনাশক ব্যবহার না করেই আমি ব্রি হাইব্রিড ধান চাষ করে বিঘায় ২২ মণ ধান পেয়েছি বলে জানান কৃষক মো. জাহাঙ্গীর আলম। গত বৃহস্পতিবার বরিশাল জেলার উজিরপুর উপজেলার মুগুপাশা গ্রামে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। ব্রি কীটতত্ত্ব বিভাগের ধানের ফলন বৃদ্ধিতে পোকামাকড়ের পরিবেশবান্ধব গবেষণা কার্যক্রম জোড়দারকরণ কর্মসূচির আওতায় এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়। মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সিএসও ড. মো. আলমগীর হোসেন বলেন, এখন আমাদের নিরাপদ ও পুষ্টিসম্পন্ন খাবার নিশ্চিতের জন্য কাজ করতে হবে। কীটনাশকবিহীন ধান চাষ খাদ্যকে আরও নিরাপদ করবে বলে তিনি জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে এসএসও মনিরুজ্জামান কবির বলেন, কৃষকরা জমিতে ধানের চারা লাগানোর পর পুরো মৌসুমে ২/৩ বার কীটনাশক প্রয়োগ করেন। এতে করে অর্ধের অপচয়ের পাশাপাশি পরিবেশের



ক্ষতি হয়। কীটনাশক প্রয়োগ ছাড়া বা সর্বনিম্ন একবার প্রয়োগেও আশানুরূপ ফলন পাওয়া যায়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিএসও ড. মো. হোসেন, এসও ড. মো. আবু সাঈদ, এসও হাসিবুর রহমান হিরাঁ, এসও পলাশ কুমার কুণ্ডু।